দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 25 DEC 2002
পৃষ্ঠা - ১৪ কলাম - ৫

# শাবিতে শিক্ষকদের দুই গ্রুপের কর্মসূচীতে ক্যাম্পাস উত্তপ্ত ॥ শিক্ষা কার্যক্রম মারাত্মক ব্যাহত

**শাবি সংবাদদাতা** ॥ শাহজালাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমে সৃষ্ট সঙ্কট তীব্র আকার ধারণ করেছে। দ্বিধাবিভক্ত শিক্ষকদের দুটি গ্রুপের পৃথক কর্মসূচী পালনকে কেন্দ্র করে ক্যাম্পাস উত্তপ্ত হয়ে উঠছে। মঙ্গলবার শিক্ষক সমিতি ক্যাম্পাসে মানববন্ধন কর্মসূচী পালন করেছে এবং সমাবেশে বক্তারা প্রশাসনের অদক্ষতার কথা উল্লেখ করে বলেছেন, প্রশাসন ইচ্ছা করলে একদিনেই দাবি মেনে নিতে পারে। শিক্ষকরা বলেছেন, দাবি আদায় না হওয়া পর্যন্ত কর্মসূচী চালিয়ে যাওয়া হবে। অপরদিকে কর্ম বিরতিবিরোধী শিক্ষকদের অপরগ্রুপ মঙ্গলবার কয়েকটি বিভাগে ক্লাস নিয়েছেন। উল্লেখ্য, ১৫ ডিসেম্বর থেকে শিক্ষক সমিতি তিন দফা দাবিতে কর্মবিরতি পালন করছে। এতে শিক্ষা কার্যক্রমে অচলাবস্থার সৃষ্টি হলেও তা নিরসনের ব্যাপারে কোন উদ্যোগ লক্ষ্য করা যাচ্ছে না। জামায়াতপন্থী এবং জামায়াতঘেঁষা বিএনপিপন্থী কয়েকজন শিক্ষক স্বল্পসংখ্যক শিক্ষার্থী নিয়ে ক্লাস নিলেও তেমন সফল হতে পারেননি। এদিকে বিএনপিপন্থী বেশ কয়েকজন শিক্ষকও শিক্ষক সমিতির আন্দোলনের স্বার্থে একাত্মতা ঘোষণা করেছেন। তাঁরা মঙ্গলবার মানববন্ধন কর্মসূচীতেও অংশগ্রহণ করেছেন। এদিকে কর্মবিরতিবিরোধী শিক্ষকরা ক্লাস বর্জন না করে দাবি আদায়ের আহ্বান জানালেও শিক্ষক সমিতির নেতারা বলেছেন, আন্দোলনের জন্য প্রশাসনের খামখেয়ালিপনাই দায়ী। অতএব আন্দোলন ছাড়া কোন উপায় নেই। কেননা আমরা তিন দফা দাবিতে দশ মাস পূর্বে প্রশাসনকে স্মারকলিপি দিয়েছিলাম। কিন্তু প্রশাসন কোন কার্যকর পদক্ষেপ নেয়নি যা অত্যন্ত দুঃখজনক। এদিকে শিক্ষক সমিতি রবিবার প্রশাসনিক ভবনের সামনে অবস্থান ধর্মঘট কর্মসূচী পালনের সিদ্ধান্ত নিয়েছে। সোমবার অনুষ্ঠিত শিক্ষক সমিতির জরুরী সাধারণসভায় শনিবার সিলেটে এবং পরবর্তীতে ঢাকায় সাংবাদিক সম্মেলন করারও সিদ্ধান্ত নেয়া হয়েছে। বর্তমান প্রশাসনের অদক্ষতা এবং খামখেয়ালিপনার বিবরণ উল্লেখ করে পুস্তিকা প্রকাশেরও উদ্যোগ নিয়েছে শিক্ষক সমিতি। সে জন্য প্রফেসর ড. জয়নাল আবেদীনকে আহ্বায়ক করে একটি কমিটিও গঠন করা হয়েছে।

এদিকে শিক্ষকদের দাবি মেনে নিয়ে শিক্ষা কার্যক্রম সচল করার দাবিতে মঙ্গলবার ছাত্র ইউনিয়ন এবং সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট সমন্বয়ে গঠিত 'প্রগতিশীল ছাত্র জোট' ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করেছে। ছাত্র ইউনিয়নের সভাপতি আশীষ দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তারা প্রক্টর কর্তৃক জনকণ্ঠের শা.বি. সংবাদদাতাকে হুমকি প্রদানের তীব্র নিন্দা জানিয়েছেন। তাঁরা মুক্তিযুদ্ধের ভাস্কর্য গোলচত্বরে নির্মাণের দাবিও জানিয়েছেন। সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন আহমেদ মোস্তাদির খোকন, মাসুদ মিয়া মামুন, চয়ন কান্তি দাস প্রমুখ।